

আজকের ফরিয়াদ

AJKER FARIAD, 8th Year, Issue 149 (as morning daily) 12 September, 2012 Wednesday, Agartala • ৮ম বর্ষ, ১৪৯ সংখ্যা (প্রভাতি দৈনিক)

২৬ ভাদ্র, ১৪১৯, বুধবার • তিন টাকা • ৮ পৃষ্ঠা • POSTAL REGD. No. NE 1040 • Website : www.ajkerfariad.com

রসায়নে শংকরায়ন ত্রিপুরার অরিজিৎ ভাসছে অভিনন্দনের বন্যায়

স্টাফ রিপোর্টার, ১১ সেপ্টেম্বর : প্রখ্যাত অধ্যাপক ও রসায়ন বিজ্ঞানী মহম্মদ আলি ত্রিপুরার সুসজ্জন অরিজিত দাসকে অকুণ্ঠ ধন্যবাদ জানিয়ে তার সাম্প্রতিক হাইব্রিডাইজেশন তথা শংকরায়নের সহজ পদ্ধতিকে 'মহৎ' আবিষ্কার হিসেবে অভিহিত করলেন। সাম্প্রতিকালে ত্রিপুরার ধর্মনিগর কলেজের রসায়ন বিভাগের প্রধান অরিজিত অজৈব ও জৈব রসায়নশাস্ত্রের জটিলতম বিষয় হাইব্রিডাইজেশন বা শংকরায়নকে অনুধাবন করার জন্য এক সরল পদ্ধতির আবিষ্কার করেছেন। আর এই আবিষ্কারের সূত্র ধরে দেশ বিদেশ থেকে বহু অভিনন্দন ছুটে আসছে প্রত্যন্ত ত্রিপুরার এই সুসজ্জনের প্রতি। এর মধ্যে যেমন রয়েছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের প্রখ্যাত অধ্যাপক মহম্মদ আলি'র মতো প্রাজ্ঞজন তেমনি রয়েছে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সহ রসায়ন বিভাগের প্রধান ডঃ আর কে নাথ। নর্থ-ইস্টার্ন হিল ইউনিভার্সিটি বা নেছর স্বনাধ্যম রসায়ন বিজ্ঞানী তথা অধ্যাপক আর এ লাল। কলকাতা বিশ্ববিদ্যালয়ের রাসবিহারী ঘোষ সন্মানপ্রাপ্ত রসায়নের অধ্যাপক জিএন মুখার্জি। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের রসায়ন অধ্যাপক এ কে দাস সহ বহু রসায়ন বিজ্ঞানী ও ছাত্রছাত্রীরা অরিজিতের এই আবিষ্কারে আনুত। উল্লেখ্য, দিল্লি থেকে প্রকাশিত আন্তর্জাতিক মানের বিজ্ঞান পত্রিকা 'কেমিস্ট্রি টুডে' ইতিমধ্যেই এই ছোট্ট রাজ্যের 'বড়' মানুষটির আবিষ্কারকে যথেষ্ট গুরুত্ব দিয়ে প্রকাশ করেছে এবং মেনে নিয়েছে এই আবিষ্কারের বৈজ্ঞানিক সত্যতা। এর পাশাপাশি রাজ্য থেকেও বহু জ্ঞানীশুণী মানুষজন ইতিমধ্যেই অরিজিতের কাছে তাদের অভিনন্দন বার্তা পৌঁছে দিয়েছেন। এর মধ্যে রয়েছে ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও ত্রিপুরা ফরেনসিক সায়েন্স ল্যাবরেটরির অধিকর্তা সহ বহু সম্মানিত মানুষজন।